দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUL 31 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম ... ৪ ......

# 'ঢাকা বিশ্ববিদ্যালয় পুস্তক প্রদর্শনী' আজ শুরু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ দীর্ঘ পাঁচ বছর পর কোন রকম বাণিজ্যিক উদ্দেশ্য ছাড়াই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের উদ্যোগে আজ শনিবার থেকে টিএসসিতে শুরু হচ্ছে দু'দিনব্যাপী 'ঢাকা বিশ্ববিদ্যালয় পুস্তক প্রদর্শনী'। বিশ্ববিদ্যালয়ের উপ উপাচার্য অধ্যাপক শাহাদত আলী এক সংবাদ সম্মেলনে বৃহস্পতিবার এ কথা বলেন।

সংবাদ সম্মেলনে উপ উপাচার্য জানান- বিশ্ববিদ্যালয়ের দু'শ' ৩৮ জন শিক্ষক-কর্মকর্তার ১২শ' ২২টি বই প্রদর্শন করা হবে।

এছাড়া প্রদর্শনীতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সম্পাদিত ও প্রকাশিত ইংরেজী ভাষায় ২৩টি এবং বাংলা ভাষায় ১৯টি মোট ৩৮টি গবেষণা পত্রিকা, সাময়িকী ও জার্নাল থাকবে। উল্লেখ্য, ১৯৯৪ সালে এই রকম প্রদর্শনীর আয়োজন করা হয়েছিল। সেখানে বই বিক্রি করা হয়েছিল এবং প্রদর্শিত বইয়ের সংখ্যা ছিল খুবই কম। সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন অধ্যাপক আনিসুজ্জামান, রেজিস্ট্রার মুহম্মদ সেলিম এবং বিশ্ববিদ্যালয়ের সিনিয়র পাবলিকেশন অফিসার ড. বিমলকান্তি গুহ।